গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়,
আনন্দ মোহন কলেজ, ময়মনসিংহ।

নং- ৭৫৬/২২ তারিখঃ ০৫/০৯/২০২২ ইং

শেষ পর্ব মাস্টার্স (নিয়মিত) কোর্সে ভর্তি বিজ্ঞপ্তি

২০২০-২১ শিক্ষাবর্ষে জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে শেষ পর্ব মাষ্টার্স(নিয়মিত) কোর্সে ভর্তির প্রাথমিক আবেদন ফরম ০৬/০৯/২২ হতে ২০/০৯/২০২২ তারিখ পর্যন্ত(সরকারী ছুটির দিন ব্যতিত) প্রতিদিন সকাল ১০.০০ টা থেকে দুপুর ২.০০ মধ্যে জমা দেয়া যাবে। প্রাথমিক আবেদনের নিয়মাবলী ও শর্তসমূহ নিম্নরুপঃ

আবেদন ফরম জমা দেয়ার স্থানঃ স্ব-স্ব বিভাগ;

*****বিঃদ্রঃ বিভাগসমূহ প্রতিদিনের জমাকৃত আবেদন ফরম প্রতিদিনই এন্ট্রির জন্য দায়িত্বপ্রাপ্ত শিক্ষকের (জনাব মোহাম্মদ শাহান শাহ ফেরদৌস, সহকারী অধ্যাপক, রসায়ন বিভাগ) নিকট যোগাযোগ করে এন্ট্রি নিশ্চিত করবেন।**

অন-লাইনে আবেদন করার শেষ তারিখঃ ২০/০৯/২০২২ খ্রি;

অন-লাইনে পূরণকৃত প্রিন্ট কপি(প্রয়োজনীয় কাগজপত্র সহ) অত্র কলেজে জমা দেয়ার শেষ তারিখঃ ২২/০৯/২০২২ খ্রি.;

আবেদন ফি-৩০০/- টাকা (**জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি রোল ব্যবহার করে সোনালী ব্যাংকের লিংকে অথবা Sonali eSheba মোবাইল অ্যাপ এর মাধ্যমে জমা দিতে হবে**)।

পরিশোধ পদ্ধতিঃ

https://sbl.com.bd:7070 লিংকে প্রবেশ করে অথবা Sonali eSheba মোবাইল অ্যাপ এর "National University Fees" মেন্যু থেকে "Application Fee" অপশনে প্রবেশ করে প্রয়োজনীয় তথ্য প্রদান করে ফি পরিশোধ করতে হবে।

(সফটওয়্যারগত সমস্যার জন্য প্রয়োজনে যোগাযোগঃ ০১৯১৮-৩৪৯৫২৩, ০১৭১৩-৬১৩৯৬৯)

১. আবেদনের যোগ্যতাঃ

ক) জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০১৬ থেকে ২০২০ সাল পর্যন্ত ৪ বছর মেয়াদী স্নাতক(সম্মান) পরীক্ষায় উত্তীর্ণ ছাত্র-ছাত্রী মাস্টার্স শেষ পর্ব (নিয়মিত) কোর্সে ভর্তির জন্য আবেদন করতে পারবে;

খ) জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০১৬ থেকে ২০২০ সাল পর্যন্ত তিন বছর মেয়াদী স্নাতক(পাস) ও এক বছর মেয়াদী মাষ্টার্স ১ম পর্ব পরীক্ষায় উত্তীর্ণ ছাত্র-ছাত্রীরা ২০২০-২১ শিক্ষাবর্ষে মাস্টার্স শেষ পর্বে ভর্তির জন্য আবেদন করতে পারবে;

গ) ৪ বছর মেয়াদী সম্মান পরীক্ষায় পাস ডিগ্রী প্রাপ্ত শিক্ষার্থী আবেদনের অযোগ্য।

ঘ) মাস্টার্স ১ম পর্ব (প্রাইভেট) পরীক্ষার্থীরা আবেদনের অযোগ্য।

ঙ) কোন শিক্ষার্থী একই শিক্ষাবর্ষে একাধিক কোর্স বা প্রতিষ্ঠানে অধ্যয়ন করতে পারবে না।

চ) সম্মান/১ম পর্ব মাস্টার্স (নিয়মিত) কোর্সে কোন শিক্ষার্থী যে বিষয়ে অধ্যয়ন করেছে কেবলমাত্র সে বিষয়েই ভর্তির আবেদনযোগ্য।

ছ) জাতীয়বিশ্ববিদ্যালয় থেকে শেষ পর্ব মাস্টার্স নিয়মিত/প্রাইভেট পরীক্ষায় উত্তীর্ণ অথবা উক্ত পোগ্রামে বর্তমানে অধ্যয়নরত অথবা রেজিষ্ট্রেশন প্রাপ্ত কোন শিক্ষার্থী ২০২০-২১ শিক্ষাবর্ষে মাস্টার্স শেষ পর্বে ভর্তির জন্য আবেদন করতে পারবে না; যদি কেউ তথ্য গোপন করে ভর্তি কার্যক্রমে অংশগ্রহণ করে তবে তার ভর্তি বাতিল হয়ে যাবে।

২. অন-লাইনে প্রাথমিক আবেদনের নিয়মাবলী ঃ

শিক্ষার্থীকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের নির্দিষ্ট **website (www.nu.ac.bd/admissions)** এর **Apply Now (Masters Reg)** অপশনে ক্লিক করে আবেদন ফরম পূরণ করতে হবে। এই অপশনে শিক্ষার্থী তার অর্জিত স্নাতক (সম্মান)/স্নাতক (পাস)/স্নাতকোত্তর ১ম পর্ব/ ডিপ্লোমা ইন লাইব্রেরী এন্ড ইনফরমেশন সায়েন্স পরীক্ষার রোল নম্বর, রেজিস্ট্রেশন নম্বর ও পাশের সন এন্ট্রি দিতে হবে। এই অপশনে শিক্ষার্থী তার পছন্দ অনুযায়ী একটি কলেজ/ইন্সটিটিউটের নাম select করলে শিক্ষার্থী তার স্নাতক পর্যায়ে পঠিত বিষয়ে অধিভুক্ত জেলাওয়ারী কলেজসমূহের তালিকা দেখতে পাবে এবং সতর্কতার সংগে প্রার্থিত কলেজের পছন্দ নির্বাচনসহ অন্যান্য তথ্য পূরণ করবে। এ পর্যায়ে আবেদন ফরমে শিক্ষার্থীর ছবি স্ক্যান করে(ছবি মাপ 120×150 Pixels, Image type: JPG এবং maximum file size: 50 KB.) আপলোড করতে হবে এবং submit অপশনে গিয়ে ফরম download করে A4 সাইজ কাগজে প্রিন্ট নিতে হবে। সঠিকভাবে ফরম পূরণের জন্য শিক্ষার্থীদের ২০২০-২১ শিক্ষাবর্ষে স্নাতকোত্তর শেষ পর্ব (নিয়মিত) শিক্ষা কার্যক্রমের ভর্তি নির্দেশিকা অনুসরণ করতে হবে। আবেদন পত্রের নির্দিষ্ট জায়াগায় প্রার্থীকে অবশ্যই স্বাক্ষর দিতে হবে;

৩. প্রয়োজনীয় কাগজপত্র (০১ সেট) অন-লাইনে পূরণকৃত আবেদনের সাথে নিম্নলিখিত কাগজপত্র জমা দিতে হবে ঃ-

ক) আবেদন পত্রের সঙ্গে এস.এস.সি/সমমান, এইচ.এস.সি/সমমান ও স্নাতক (সম্মান) পাশের সনদ ও নম্বর পত্রের ফটোকপি ও অনার্স শ্রেণীর রেজিঃকার্ডের কপি (০১ সেট) জমা দিতে হবে।

খ) মাষ্টার্স ১ম পর্ব উত্তীর্ণদের ক্ষেত্রে এস.এস.সি/সমমান, এইচ.এস.সি/সমমান ও ডিগ্রী (পাস), ১ম পর্ব মাস্টার্স পরীক্ষার পাশের নম্বর পত্র, সনদ পত্র ও রেজিঃ কার্ডের ফটোকপি কপি (০১ সেট) জমা দিতে হবে।

গ) ভর্তির আবেদনপত্র জমা দেওয়ার সময় অবশ্যই মূল কাগজ পত্র বিভাগে দেখাতে হবে।

৪. অত্র কলেজের অধিভুক্ত বিষয়সমূহঃ

এম.এ ঃ বাংলা, ইংরেজী, ইতিহাস, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি, দর্শন ও ইসলামী শিক্ষা;

এম.এস.এস ঃ রাষ্ট্রবিজ্ঞান, সমাজবিজ্ঞান, সমাজকর্ম ও অর্থনীতি;

এম.বি. ঃ হিসাববিজ্ঞান ও ব্যবস্থাপনা;

এম.এস.সি ঃ পদার্থ, রসায়ন, উদ্ভিদবিদ্যা, প্রাণিবিদ্যা, ভূগোল ও গণিত।

৫. মুক্তিযোদ্ধার সন্তান/আদিবাসি/উপজাতি/প্রতিবন্ধী কোটার আবেদনকারীরক অবশ্যই কোটার বিষয় স্পষ্ট করে উল্লেখ করতে হবে।

৬. চূড়ান্ত ভর্তিঃ

ক) মেধাতালিকা প্রকাশঃ পরবর্তীতে জানানো হবে;

খ) চূড়ান্ত ভর্তির জন্য নির্বাচিত শিক্ষার্থীদের অন-লাইনে আবেদন ফরম পুরণঃ পরবর্তীতে জানানো হবে;

গ) চূড়ান্ত আবেদন ফরম, প্রয়োজনীয় কাগজপত্র ও ভর্তির জন্য নির্ধারিত ফি কলেজে জমা দেওয়ার শেষ তারিখঃ পরবর্তীতে জানানো হবে;

*** ভর্তির সময় স্বশরীরে উপস্থিত হয়ে ভর্তি কাজ সম্পন্ন করতে হবে। ভর্তির সময় মূল কাগজপত্র অবশ্যই দেখাতে হবে।

ভর্তি সম্পর্কিত বিস্তারিত তথ্যের জন্য কলেজের নোটিশবোর্ড ও (www.nu.ac.bd/admissions) ঠিকানায় ভিজিট করুন।

কপি বন্টনঃ

১। উপাধ্যক্ষ, অত্র কলেজ;
২। সকল বিভাগীয় প্রধান,অত্র কলেজ;
৩। প্রধান সহকারী, অত্র কলেজ;
৪। হিসাব রক্ষক, অত্র কলেজ;
৫। ভর্তি ও পরীক্ষা শাখা, অত্র কলেজ;
৬। ম্যানেজার, সোনালী ব্যাংক, কর্পোরেট শাখা, ময়মনসিংহ;
৭। সংরক্ষণ নথি।

০৫/০২/২২

অধ্যক্ষ
আনন্দ মোহন কলেজ
ময়মনসিংহ।

০৫/০২/২২